

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৫৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ جَامِعِ المناقب)

আরবী

وَعَن جَابِر قا لِ: كَانَ عُمَرُ يَقُولُ: أَبُو بَكْرِ سَيِّدُنَا وَأَعْتَقَ سَيِّدَنَا يَعْنِي بِلَالًا. رَوَاهُ البُخَارِيّ

رواه البخارى (3754) ـ

(صَحِيح)

বাংলা

৬২৫৯-[৬৪] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'উমার (রাঃ) বলতেন, আবূ বকর (রাঃ) আমাদের নেতা। তিনি আমাদের আরেকজন নেতাকে স্বাধীন করেছেন, অর্থাৎ বিলাল (রাঃ) -কে। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭৫৪, তিরমিযী ৩৬৫৬, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩১৯৬৬, হিলইয়াতুল আওলিয়া ১/১৪৭ প্., আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১০০৮, আল মুসতাদরাক লিল হাকিম ৪৪২১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু তীন (রহিমাহুল্লাহ) বলেন, অবশ্যই বিলাল (রাঃ) ছিলেন নেতাদের একজন। তবে এ কথা বর্ণিত হয়নি যে, তিনি 'উমার (রাঃ) থেকে অধিক শ্রেষ্ঠ। অন্যান্যরা বলেন, প্রথম (السيد) বাস্তবে অর্থে ব্যবহার হয়েছে। দ্বিতীয় (السيد) তার উদ্দেশে রূপক অর্থে ব্যবহার করেছেন। অথবা নেতৃত্ব শ্রেষ্ঠত্ব প্রমাণ করে না। যেমন ইবনু উমার (রাঃ) বলেন, আমি মু'আবিয়াহ্ (রাঃ)-এর চাইতে বড় নেতা দেখিনি। অথচ তিনি আবূ বাকর (রাঃ) 'উমার (রাঃ)-কে দেখেছেন। (ফাতহুল বারী হা. ৩৭৫৪)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন